রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
RURAL POWER COMPANY LIMITED

Corporate Office :
House # 19, Road # 1/B, Sector # 09
Uttara Model Town, Dhaka-1230.
Phone : 8912274, 8957952 (PABX)
Fax : 88-02-8922526
Web : www.rpcl.org.bd
E-mail : rpcmd@dhaka.net
rpcl@dhaka.net

# রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড

দরপত্রের নামঃ ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্রের জন্য লনমোয়ার ক্রয়।

**দরপত্রের পদ্ধতি: কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি (আরএফকিউ)**

দরপত্রের সূত্রঃ PUR-019 (MPS/RFQ) 2020-2021, তারিখ: ০৮/০৫/২০২১ইং

দরপত্র জমাদানের শেষ তারিখ: ১৮/০৫/২০২১ ইং

মে-২০২১

স্মারক নং ২৭.২৬.৬১৫২.০০৬.৩৮.৩০.২১.০১৯ তারিখঃ ০৮/০৫/২০২১ ইং

**কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি (আরএফকিউ)**

ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্রের জন্য লনমোয়ার মেশিন ক্রয়ের নিমিত্তে যথাযথ যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় কাগজ পত্র যেমন-(১) ট্রেড লাইসেন্স ২) ভ্যাট রেজিঃ/ বিন নাম্বার (১৩ সংখ্যা) এবং (৩) হাল নাগাদ টিআইএন সার্টিফিকেটসহ প্রয়োজনীয় তথ্যাদি সংযুক্ত করে আগামী ১৮/০৫/২০২১ ইং তারিখের মধ্যে দর প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে। কাজের নাম, বিবরণ ও শর্তাবলী নিম্নে দেয়া হলো।

**দরপত্র দাখিল ও সময়সীমাঃ**

আগ্রহী দরদাতাগণকে উপরাক্ত তথ্যাদিসহ তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্লান্ট ইনচার্জ, ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্র, লালকুটির দরবার শরিফ শম্ভুগঞ্জ, ময়মনসিংহ, বরাবর আগামী ১৮/০৫/২০২১ ইং তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে বন্ধ খামের উপর "ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্রের লনমোয়ার ক্রয়ের জন্য' দরপত্র দাখিল করতে হবে। এছাড়া দরপত্র আহবানকারীর ইমেইল এর (email: rtbt123@yahoo.com) মাধ্যমেও দরপত্র প্রেরণ করা যাবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না। ক্রয়তব্য মালামালের জন্য প্রয়োজনীয় তথ্য / স্পেসিফিকেশন সংযুক্ত ফরম-১ এ উল্লেখ করা হয়েছে।

**শর্তাবলীঃ**

**১.০। মালামাল পৌছানোর স্থানঃ** ময়মনসিংহ পাওয়ার স্টেশন, লালকুঠি দরবার শরিফ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

**১.১। দরপ্রস্তাবের মেয়াদঃ** দরপ্রস্তাব দাখিলের শেষ তারিখ/সময় হতে দরপ্রস্তাবের মেয়াদ পরবর্তী ৫০ (পঞ্চাশ) দিন পর্যন্ত বৈধ থাকতে হবে। দরপত্র প্রদানকারী কর্তৃক প্রদত্ত দর (যদি গৃহীত হয় তবে) চুক্তির সময়কালের জন্য স্থির থাকবে।

**১.২। দর প্রস্তাব দাখিলের ক্ষমতাঃ** দরপ্রস্তাব সংযুক্ত ফরম-১ সঠিকভাবে পূরন করতঃ প্রতিষ্ঠানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি নাম ও স্বাক্ষরসহ দরপ্রস্তাব দাখিল করতে হবে।

**১.৩। দরপত্র প্রেরণঃ** দরপত্রটি যথাযথ ভাবে পূরণ করে ও অনুমোদিত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠায় যথাযথ ভাবে স্বাক্ষর করে (তারিখসহ) প্রেরণ করতে হবে।

**১.৪। দরপত্রে প্রদত্ত মূল্যঃ** দরপত্রে মুনাফা, পরিবহন খরচ, লেবার চার্জ, ওভারহেডসহ প্রযোজ্য আইনের অধীনে প্রদেয় সমস্ত প্রকারের কর, শুল্ক, ফি এবং অন্যান্য চার্জ অর্ন্তভূক্তিপূর্বক দর প্রদান করতে হবে। দরপত্রে প্রদত্ত দর "টাকা" তে উল্লেখ করতে হবে। এই ক্রয়াদেশের অধীনে পরবর্তী অর্থ টাকায় প্রদান করা হবে।

**১.৫। কোটেশন সিকিউরিটিঃ** দরপত্র প্রেরণের জন্য দরপত্রের সাথে কোন সিকিউরিটি অর্থ/জামানত প্রদানের প্রয়োজন নাই।

**১.৬। দরপত্রের সাথে প্রদত্ত দলিলাদিঃ** দরপত্র প্রদানকারীর ক্রয় চুক্তিতে প্রবেশের জন্য আইনী সক্ষমতা থাকতে হবে। সেই সাথে ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিঃ (BIN নম্বর - ১৩ সংখ্যা) সার্টিফিকেট এবং হাল নাগাদ টিআইএন সার্টিফিকেট এর (সত্যায়িত অনুলিপি) সহ প্রয়োজনীয় তথ্যাদি দরপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

**১.৭। দরপত্র উন্মুক্ত করন ও মুল্যায়নঃ** প্রদত্ত দরপত্রসমূহ উন্মুক্তকরনের জন্য কোন Public Opening সম্পন্ন করা হবে না। দরপত্রসমূহ প্রতিষ্ঠানের মূল্যায়ন কমিটি দ্বারা নিরীক্ষা করা হবে এবং সর্বনিম্ন রেসপনসিভ দরদাতাকে ক্রয়কার্য সম্পাদনের জন্য ক্রয়াদেশ প্রদান করা হবে। প্রদত্ত দরপত্রে কোন গাণিতিক ত্রুটি থাকলে মূল্যায়ন কমিটি তা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে। দরপত্র উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে।

**২.০। কাজ শুরু এবং সমাপ্তির সময়সীমাঃ** আরপিসিএল হতে ক্রয়াদেশ প্রদানের তারিখ হতে পরবর্তী ২৫ (পচিঁশ) দিনের মধ্যে মালামাল সরবরাহ সম্পন্ন করতে হবে।

**৩.০। বিল দাখিলঃ** মালামাল সরবরাহ (ফরম-১ অনুসারে) সম্পন্ন করার পর তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্লান্ট ইনচার্জ ময়মনসিংহ পাওয়ার স্টেশন অনুকূলে ১ কপি বিল দাখিল করতে হবে।

**৪.০। বিল পরিশোধঃ** সন্তোষজনক ভাবে (ফরম-১ অনুসারে) মালামাল প্রদান সম্পন্ন করার পর ময়মনসিংহ পাওয়ার স্টেশন হতে Acceptance ও MRR, QC সার্টিফিকেট প্রদানের পর হিসাব খাতে প্রদেয় চেকের মাধ্যমে ১০০% বিল পরিশোধ করা হবে।

**৫.০। ভ্যাট ও ট্যাক্সঃ** সরকারী বিধি মোতাবেক আয়কর উৎসে কর্তন করে বিল পরিশোধ করা হবে এবং মালামাল সরবরাহের সময় অবশ্যই মূসক ৬.৩ চালান দাখিল করতে হবে।

**৬.০। ওয়ারেন্টিঃ** সন্তোষজনক ভাবে মালামাল প্রদান (ফরম-১ অনুসারে) সম্পন্ন করার পর ময়মনসিংহ পাওয়ার স্টেশন কর্তৃক Acceptance সার্টিফিকেট প্রদানের তারিখ হতে সকল মালামালের কমপক্ষে ১২ (বার) মাসের ওয়ারেন্টী প্রদান করতে হবে। ওয়ারেন্টি পিরিয়ডে প্রদত্ত মালামালে কোন ত্রুটি দেখা দিলে ক্রয়াদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে জানানোর ০১ (এক) সপ্তাহের মধ্যে ত্রুটি সংশোধনের ব্যবস্থা গ্রহন করতে হবে।

**৭.০। অগ্রিম প্রদানঃ** কৃতকার্য দরদাতাকে কোন অগ্রীম প্রদান করা হবে না।

**৮.০। বিলম্বজনিত জরিমানাঃ** ক্রয়াদেশে উল্লেখিত সময়ের মধ্যে মালামাল প্রদান সম্পন্ন করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য ০.১০% হিসাবে চুক্তি মূল্যের সর্বোচ্চ ১০% জরিমানা বিল হতে কর্তন করা হবে।

**৯.০। বিবিধঃ** চুক্তি সম্পাদনকালীন সময়ে কোন বিরোধ/সমস্যার উদ্ভব হলে চুক্তির শর্তানুযায়ী আরপিসিএল কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১০.০। কোন কারণ ব্যতিরেকে যে কোন দর প্রস্তাব/সকল দরপ্রস্তাব গ্রহন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

| <u>দরপত্র আহবানকারী</u> | দরদাতা |
| --- | --- |
| নামঃ এ. এইচ.এম. রাশেদ<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্লান্ট ইনচার্জ<br>ময়মনসিংহ পাওয়ার স্টেশন<br>email:<u>rtbt123@yahoo.com</u> | |

দরপত্র

**[প্রতিষ্ঠানের নির্ধারিত লেটার হেড প্যাড ব্যবহার করুন]**

বরাবর,
প্রকৌশলী এ. এইচ. এম. রাশেদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্লান্ট ইনচার্জ
ময়মনসিংহ পাওয়ার স্টেশন,
লালকুঠি দরবার শরীফ, ময়মনসিংহ।

দরপত্রের সূত্রঃ PUR-019 (MPS/RFQ) 2020-2021, তারিখ: ০৮/০৫/২০২১ইং

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে "ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্রের জন্য লনমোয়ার মেশিন ক্রয়" দরপত্রের সকল নিয়ম ও শর্ত মেনে ক্রয়কাজটি সঠিক ভাবে সম্পাদন করার জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা [.........................................................................]

কথায়: [.........................................................................]

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনসময় ইহা গ্রহণ করা যেতে পারে। আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা..................তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

দরদাতার স্বাক্ষর ও সিল

তারিখ:

## পণ্যের মূল্য তফসীল

| ক্রম | আইটেমের নাম/ বিবরণ | পরিমান | একক দর (টাকা) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| 01. | Rider Mower – Heavy Duty, Made in USA<br><br>**SPECIFICATION**<br>Brand: J.S. Power<br>Model number: JSB-5550<br>Cutting height: 20-90 mm<br>Rotary speed: 3800±100r/min<br>Fuel Tank capacity: 4.2L<br>Engine Power: 20 hp<br>Starting system: Electric<br>Total Displacement: **344 CC/586CC**<br>Final Drive: Mechanical system<br>Transmission: Forward 5 speeds reverse 1 speed<br>Forward Speed: 0~5 miles/H<br>Reverse speed: <2 miles/H<br>Discharge: Side Discharge<br>Wheel size: 10" front and 15" rear<br>Whole Mower Size: 150x850x1150mm/pcs | 01 | | |
| 02. | 01. Octane Lawn Mower, Made in USA<br><br>**SPECIFICATION**<br>Brand : JS Power<br>H.P. : 6.5<br>Model number : 21GTZB65<br>Engine Power : 6.5 hp<br>Cutting Height : 25-80mm<br>Cutting width : 53cm/21"<br>Wheel size : 7"x1.75 / 8"x2" | 01 (One) | | |
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট (ভ্যাট ও প্রযোজ্য সবধরণের ট্যাক্স সহ) | | | অংকে | |
| পণ্য প্রেরণের ঠিকানা | | ময়মনসিংহ পাওয়ার স্টেশন, লালকুঠি দরবার শরীফ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। | | |
| মোট মূল্য টাকায় (কথায়) | | | | |
| প্রস্তাবিত সরবরাহ | | ক্রয় আদেশ জারির তারিখ থেকে……………দিনের মধ্যে | | |
| প্রদত্ত ওয়ারেন্টি (Warranty) | | পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ থেকে ………দিন/মাস/বছর | | |

আমি/আমাদের দ্বারা এই মূল্য তফসীলের বর্ণিত প্রস্তাব ………………………… দিন/মাস/বছর পর্যন্ত বৈধ।

| | |
|---|---|
| দরদাতার স্বাক্ষর ও সিল | |
| তারিখ | |

## আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রম | আইটেমের নাম/ বিবরণ | পূর্নাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | | উৎস দেশের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | | ৪ | ৫ |
| 01. | Rider Mower – Heavy Duty (Lawn Mower) | Brand | J.S. Power | Made in USA | |
| | | Model number | JSB-5550 | | |
| | | Cutting height | 20-90 mm | | |
| | | Rotary speed | 3800±100r/min | | |
| | | Fuel Tank capacity | 4.2L | | |
| | | Engine Power | 20 hp | | |
| | | Starting system | Electric | | |
| | | Total Displacement | **344 CC/586CC** | | |
| | | Final Drive | Mechanical system | | |
| | | Transmission | Forward 5 speeds reverse 1 speed | | |
| | | Forward Speed | 0~5 miles/h | | |
| | | Reverse speed | <2 miles/H | | |
| | | Discharge | Side Discharge | | |
| | | Wheel size | 10" front and 15" rear | | |
| | | Whole Mower Size | 150x850x1150mm/pcs | | |
| 02. | Octane Lawn Mower | Brand | JS Power | Made in USA | |
| | | H.P. | 6.5 | | |
| | | Model number | 21GTZB65 | | |
| | | Engine Power | 6.5 hp | | |
| | | Cutting Height | 25-80mm | | |
| | | Cutting width | 53cm/21" | | |
| | | Wheel size | 7"x1.75 / 8"x2" | | |

আমি/ আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পন্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লিখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| দরদাতার স্বাক্ষর ও সিল | |
| তারিখ | |